



## ৰূপগঞ্জ পুলিশেৰ ওপৰ হামলা, গ্ৰেপ্তাৰ আসামি ছিনতাই



অভিযুক্ত শামীম মিয়া। ছবি: সংগৃহীত

ৰূপগঞ্জ অভিযান চলিয়ে গ্ৰেপ্তাৰ কৰা এক আসামিকে পুলিশেৰ কাছ থেকে ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। এতে হামলাৰ শিকার হয়ে কয়েকজন পুলিশ সদস্য আহত হন। পৰে অভিযান চলিয়ে ওই আসামিৰ স্ত্ৰীসহ ১৩ জনকে আটক কৰে আইনশৃঙ্খলা বাহিনী। ঘটনাটি ঘটে সোমবাৰ গভীৰ ৰাতে, চনপাড়া পুনৰ্বাসন কেন্দ্ৰ এলাকায়। আকস্মিক এ ঘটনায় এলাকায় চৰম উত্তেজনা ও আতঙ্ক ছড়িয়ে পড়ে। পুলিশ ও স্থানীয় সূত্ৰ জানায়, চনপাড়া দীৰ্ঘদিন ধৰে অপৰাধপ্ৰবণ এলাকা হিসেবে পৰিচিত। হত্যা, মাদক ও অস্ত্ৰ ব্যবসায় জড়িত একটো চক্ৰ সেখানে সক্ৰিয়। শামীম মিয়াৰ বিৰুদ্ধে এসব অভিযোগে একাধিক মামলা ও গ্ৰেপ্তাৰি পৰোয়ানা ছিল। অভিযানে তাকে আটক কৰে হাতকড়া পৰিয়ে গাড়িতে তোলাৰ পৰ তৰ অনুসারীৰা জড়ো হতে থাকে। একপৰ্যায়ে তারা পুলিশেৰ গাড়ি ঘিৰে ফেলে, পিকআপ ভ্যানের চাকা কেটে দেয় এবং ধাক্কাধাক্কিৰ এক পৰ্যায়ে হামলা চলিয়ে শামীমকে ছিনিয়ে নেয়। এতে কয়েকজন পুলিশ সদস্য আহত হন এবং পৰিস্থিতি নিয়ন্ত্ৰণেৰ বাইৰে চলে যায়। পৰে অতিৰিক্ত পুলিশ গিয়ে পৰিস্থিতি সামাল দেয় ও উদ্ধাৰ অভিযান চালায়। এতে শামীমের স্ত্ৰী সাথী আক্তাৰসহ ১৩ জনকে আটক কৰা হয়। পুলিশ জানিয়েছে, ঘটনায় জড়িতদের বিৰুদ্ধে মামলা প্ৰক্ৰিয়াধীন এবং আটক ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে।